



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী  
সাধারণ শাখা  
www.rajbari.gov.bd

### জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	সুলতানা আক্তার জেলা প্রশাসক
সভার তারিখ	১৯ মার্চ ২০২৫
সভার সময়	বিকাল ৪:০০
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে

উপস্থিত সদস্যবৃন্দকে শূভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ।	জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এবং অধীনস্থ দপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী ২। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
২	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা সংক্রান্ত।	২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এবং অধীনস্থ দপ্তরসমূহ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী
৩	জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এবং এর অধীনস্থ দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রণালয়ে প্রেরণ।	জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিসের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর ২য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ ২০২৫) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে স্ব-স্ব ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল) ৩। সহকারী কমিশনার, (সাধারণ শাখা ৪। আইসিটি শাখা) জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী

৪	উপজেলা পর্যায়ে অংশীজনের অংশগ্রহণে নৈতিকতা কমিটির সভা আয়োজন, সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ।	উপজেলা পর্যায়ে ত্রৈমাসিক ভিত্তিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণ ও নৈতিকতা কমিটির সভা আয়োজন, সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), রাজবাড়ী
---	--	---	---

সভায় আর কোনও আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৫-০৩-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক

০২-৪৭৮৮০৭৫৩৩ (ফোন)

০২-৪৭৮৮০৮০৫৯ (ফ্যাক্স)

dcrajbari@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৮২০০.০০০.০২৩.১৩.০০০২.২৫.১২৯

তারিখ: ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
- ৪। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), (সকল), রাজবাড়ী।
- ৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী (কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।




২৫-০৩-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক